



জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd



প্রেস রিলিজ

স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপন উপলক্ষে বরিশাল বিশ্ববিদ্যালয়ে আন্তঃঅনুষদ ভলিবল প্রতিযোগিতা অনুষ্ঠিত

বরিশাল বিশ্ববিদ্যালয়, ২৬ ডিসেম্বর ২০২১খ্রিঃ

মহান স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপন উপলক্ষে বরিশাল বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিত হয়েছে আন্তঃঅনুষদ ভলিবল প্রতিযোগিতা। বরিশাল জেলা ক্রীড়া অফিসের আয়োজনে বরিশাল বিশ্ববিদ্যালয়ের শারীরিক শিক্ষা অফিসের সহযোগিতায় এ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। ২৬ ডিসেম্বর ২০২১ তারিখ সকাল ১০.৩০ টায় বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় খেলার মাঠে প্রতিযোগিতার উদ্বোধন করেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন। উদ্বোধন শেষে উপাচার্য মহোদয় প্রতিযোগিতায় অংশগ্রহণকারীদের উদ্দেশ্যে বলেন, শিক্ষার্থীদের একাডেমিক কার্যক্রমের পাশাপাশি এ ধরনের কার্যক্রমে অংশগ্রহণ বিশ্ববিদ্যালয়ের সহশিক্ষাকে আরও বেগবান করবে। প্রত্যেক শিক্ষার্থীরই কোন না কোন সহশিক্ষা কার্যক্রমের সাথে সম্পৃক্ত থাকা উচিত। এতে করে শিক্ষার্থীরা নিজেদেরকে বিকশিত করতে পারবে। পাশাপাশি বিশ্ববিদ্যালয়ের সামগ্রিক শিক্ষার মানোন্নয়নেও এধরনের কার্যক্রম গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। শারীরিক শিক্ষা দপ্তরের পরিচালক রিফাত মাহমুদের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের প্রক্টর, বিভাগীয় প্রধান, পরিচালক, শিক্ষকমণ্ডলী, দপ্তর প্রধান, শিক্ষার্থীবৃন্দসহ বরিশাল জেলা ক্রীড়া অফিসের কর্মকর্তা ও বরিশাল বিশ্ববিদ্যালয়ের শারীরিক শিক্ষা দপ্তরের অন্যান্যরা উপস্থিত ছিলেন। টুর্নামেন্টে বরিশাল বিশ্ববিদ্যালয়ের ৬টি অনুষদের অধীন ২৪টি বিভাগের শিক্ষার্থীরা অংশগ্রহণ করে। খেলা শেষে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন উপাচার্য মহোদয়সহ অন্যান্যরা।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস